CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGHCC–301T/362**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–301T

( বাংলা ভাষাতত্ত্ব )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : ২×১০=২০

১। প্রাচীন ভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো। এই যুগের নিদর্শন কোন্ ভাষাতে পাওয়া যায়?

২। মধ্যভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তরের পর্বগত নাম কী? এর যে কোনো একটি আঞ্চলিক রূপের নাম লেখো।

৩। মাগধীর পূর্বীশাখা থেকে প্রথমে কয়টি আধুনিক ভাষার জন্ম হয়েছিল? সেগুলোর নাম উল্লেখ করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। 'সসুরা নিদ গেল বহুড়ী জাগঅ'—কোন্ স্তরের বাংলা ভাষার নিদর্শন? এই স্তরের বাংলা ভাষায় অধিকরণের বিভক্তিগুলোর মধ্যে কোন্ বিভক্তির প্রয়োগ ব্যাপক ছিল?

৫। আদি-মধ্য বাংলার প্রধান ছন্দের নাম কী? এই ছন্দের প্রতি পদে কয়টি মাত্রা ছিল?

৬। অন্ত্য-মধ্য বাংলার দুটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো।

৭। উপভাষা কয় প্রকার ও কী কী?

৮। বর্তমান পশ্চিমবঙ্গের প্রধান উপভাষা কী? সে>হে, বসো>বহো — এরকম 'স' স্থানে 'হ' উচ্চারণ আধুনিক বাংলার কোন্ উপভাষায় পরিলক্ষিত হয়?

৯। 'সন্দেশ' শব্দের আদি অর্থ ছিল কুশলবার্তা নেবার সঙ্গে মিষ্টান্ন ও উপহার। বর্তমানে শব্দটি ছানা-চিনি সংযোগে প্রস্তুত বিশেষ মিষ্টি হিসেবে ব্যবহৃত হয়। এরকম অর্থ-পরিবর্তনের কারণটির নাম কী এবং অর্থ-পরিবর্তনের কোন্ ধারা এখানে অনুসৃত হয়েছে?

১০। আদিস্বরলোপ ও অন্ত্যস্বরলোপের একটি করে উদাহরণ দাও।

১১। ঐতিহ্যগত ব্যাকরণে গঠনগত দিক থেকে বাক্যকে কয়টি শ্রেণীতে ভাগ করা হয় এবং তা কী কী?

১২। বাংলা বাক্যে পদের স্বাভাবিক ক্রম উল্লেখ করো।





১৩। সমস্যমান পদ ও বিগ্রহ বাক্যের একটি করে উদাহরণ দাও।

১৪। নিম্নরেখ পদগুলিতে কোন্ কারকে কোন্ বিভক্তি হয়েছে লেখো :

(ক) যেখানে বাঘের ভয় সেখানেই রাত হয়।

(খ) বেদনায় ভরে গিয়েছে পেয়ালা।

১৫। অপাদান কারকের প্রধান বৈশিষ্ট্য কী, উদাহরণসহ লেখো।

## SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ১০×৫=৫০

১৬। প্রাচীন ভারতীয় আর্যভাষার লক্ষণসমূহের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৭। প্রাকৃত ভাষা কোন্ ভাষা থেকে জন্মলাভ করেছে? যে কোনো একটি সাহিত্যিক প্রাকৃতের বৈশিষ্ট্য আলোচনা করো। ১+৯=১০

১৮। অন্ত্য-মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৯। আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।

২০। উদাহরণ সহযোগে 'বরেন্দ্রী' অথবা 'বঙ্গালী' উপভাষার সংক্ষিপ্ত পরিচয় দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২১। উদাহরণসহ শব্দার্থ পরিবর্তনের যে কোনো দুটি ধারার পরিচয় দাও।

২২। শুদ্ধ বাক্যের ত্রি-সূত্র উদাহরণসহ আলোচনা করো।

২৩। ধ্বনির আগম—ধ্বনি পরিবর্তনের এই ধারাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২৪। বহুব্রীহি সমাস কাকে বলে? ব্যধিকরণ, সমানাধিকরণ এবং সংখ্যা বহুব্রীহি সমাসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৮=১০

২৫। অধিকরণ কারক কাকে বলে? অধিকরণ কারক কত প্রকার ও কী কী? অধিকরণ কারকের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা করো। ২+২+৬=১০

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGHCC–302T/363**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–302T

( উনিশ শতকের বাংলা কবিতা ও কথাসাহিত্য )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : ২×১০=২০

১। কোন্ গীতিকবিকে 'ভোরের পাখি' আখ্যায়িত করা হয়? এই উপাধিটি কে দিয়েছিলেন?

২। রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৩। 'হৃদয় সমুদ্র সম' কবিতাটি কার লেখা? এটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গের নাম কী? কবি এই সর্গে কার বন্দনা করেছেন?

৫। বীরবাহুর মৃত্যু সংবাদ কে বহন করে এনেছিল? বীরবাহুর মায়ের নাম কী?

৬। মাইকেল মধুসূদন কাকে 'এ বঙ্গের অলঙ্কার' বলেছিলেন? লঙ্কাবাসী মেঘনাদের মৃত্যুতে কতদিন শোক পালন করেছিল?

৭। বঙ্কিমচন্দ্রের 'রজনী' কত খ্রিস্টাব্দে গ্রন্থাকারে প্রকাশিত হয়? তাঁর রচিত প্রথম উপন্যাসটির নাম কী?

৮। বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাসটি কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়?

৯। রজনীর প্রকৃত পিতা এবং পালকপিতার নাম লেখো।

১০। তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা' ছাড়া অন্য যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।

১১। 'স্বর্ণলতা' উপন্যাসটি ধারাবাহিকভাবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? 'স্বর্ণলতা' উপন্যাসটি কত সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়?

১২। 'স্বর্ণলতা' উপন্যাসের প্রথমাংশে কার জীবনকথা বিবৃত হয়েছে এবং দ্বিতীয়াংশ কার জীবনকথায় পূর্ণ?

১৩। রবীন্দ্রনাথ রচিত প্রথম দুটি গল্পের নাম উল্লেখ করো।





১৪। 'বিচারক' গল্পের পতিতা রমণীটির নাম কী? এই গল্পটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত?

১৫। তোমার পাঠ্য কোন্ গল্পে মুসলমান চরিত্র লক্ষিত হয়? সেই চরিত্রটির নাম কী?

## SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **পাঁচটা**) : ১০×৫=৫০

১৬। বিহারীলাল চক্রবর্তীর 'সুরবালা' কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

১৭। সার্থক সনেট হিসেবে দেবেন্দ্রনাথ সেনের 'অশোক তরু' কবিতাটি বিচার করো।

১৮। 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণের চরিত্র-চিত্রণ করো।

১৯। 'মেঘনাদবধ কাব্য'-এর নায়ক কে? রাবণ না মেঘনাদ—আলোচনা করে বুঝিয়ে দাও।

২০। বঙ্কিমচন্দ্রের 'রজনী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

২১। 'রজনী' বাংলা ভাষার প্রথম মনস্তাত্ত্বিক উপন্যাস—আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২২। সামাজিক উপন্যাস হিসেবে তারকনাথ গঙ্গোপাধ্যায়ের 'স্বর্ণলতা'র মূল্য নিরূপণ করো।

২৩। তারকনাথের 'স্বর্ণলতা' উপন্যাসের নামকরণ সার্থক হয়নি বলে অনেকে মনে করেন। তাঁদের মতে 'সরলা' নামেই একে চিত্রিত করা উচিত ছিল—আলোচনা করো।

২৪। ছোটগল্পের নিরিখে রবীন্দ্রনাথের 'দুরাশা' গল্পের সার্থকতা প্রতিপন্ন করো।

২৫। রবীন্দ্রনাথের 'আপদ' একটি সার্থক ছোটগল্প—আলোচনা করো।

★★★

CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2021/TDC/CBCS/ODD/**
**BNGHCC–303T/364**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021**
**held in March, 2022**

# BENGALI

**( 3rd Semester )**

Course No. : BNGHCC–303T

**( বাংলা আত্মকথা ও প্রবন্ধ )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দশটা) : ২×১০=২০

১। রাসসুন্দরী দাসীর 'আমার জীবন'-এর প্রথম প্রকাশকালে গ্রন্থটির ভূমিকা এবং গ্রন্থপরিচয় যে দুইজন লিখেছিলেন তাঁদের নাম লেখো।

২। "..... ভয় হইলে দয়ামাধবকে ডাকিও।" এই কথাটি কে, কাকে বলেছিলেন?

৩। কোন্ পুঁথি পড়ার জন্য লেখা-পড়া শিখতে এত আগ্রহী ছিলেন রাসসুন্দরী? 'আমার জীবন' রাসসুন্দরী কত বৎসর বয়সে রচনা করেন?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। আত্মীয়তার সম্পর্কে অবনীন্দ্রনাথ ঠাকুর রবীন্দ্রনাথের কী হন? অবনীন্দ্রনাথের পিতার নাম কী?

৫। 'আপনকথা' কত খ্রিস্টাব্দে এবং কোন্ প্রকাশন সংস্থা থেকে প্রকাশিত হয়?

৬। অবনীন্দ্রনাথের 'আপনকথা' কী ধরনের গ্রন্থ? এই গ্রন্থের প্রথম অধ্যায়ের নাম কী?

৭। প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? প্রমথ চৌধুরীর গদ্যরীতি কী নামে অভিহিত?

৮। প্রমথ চৌধুরী সম্পাদিত পত্রিকার নাম কী? 'বই পড়া' প্রবন্ধটি লেখক প্রথম কোথায় পাঠ করেছিলেন?

৯। প্রবন্ধানুসারে 'এ যুগের ভারতচন্দ্র' কাকে বলা হয়? 'ভারতচন্দ্র' প্রবন্ধটি একটি সাহিত্য-সম্মিলনীর অভিভাষণ—কোন্ সাহিত্য-সম্মিলনীর অভিভাষণ?

১০। 'সংস্কৃতির স্বরূপ' প্রবন্ধের লেখকের নাম কী? প্রবন্ধটি লেখকের কোন্ গ্রন্থের অন্তর্গত?

১১। 'দুশো বছরের বাংলা প্রবন্ধ সাহিত্য'-এর অন্তর্গত 'মধুসূদনের রাজসিকতা' প্রবন্ধের লেখক কে?

১২। সৈয়দ মুজতবা আলীর জন্ম কোথায় হয়েছিল? তাঁর রচিত একটি ভ্রমণমূলক গ্রন্থের নাম লেখো।





১৩। বেগম রোকেয়া কত সালে, কোথায় জন্মগ্রহণ করেন?

১৪। বেগম রোকেয়া প্রতিষ্ঠিত বালিকা বিদ্যালয় এবং নারী-সংগঠনের নাম লেখো।

১৫। 'অবরোধবাসিনী' গ্রন্থে মোট কয়টি কাহিনি বা খণ্ডচিত্র রয়েছে? চিত্রগুলি কী বিষয়ক?

## SECTION—B

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো পাঁচটা) : ১০×৫=৫০

১৬। "রাসসুন্দরীর 'আমার জীবন' বাংলা সাহিত্যের প্রথম আত্মচরিত এবং সে যুগের মেয়েদের জীবনের একটি অন্তরঙ্গ দলিল।" আলোচনা করো।

১৭। উনিশ শতকের শিক্ষা প্রসঙ্গ, বিশেষ করে নারীশিক্ষার প্রসঙ্গটি রাসসুন্দরীর আত্মকথায় ঘুরে ফিরে এসেছে। গ্রন্থটি অবলম্বনে বিষয়টি নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

১৮। "ছোটবেলার অতিবাস্তব দিনগুলি ভবিষ্যৎ জীবনে ছবির মতো মনে পড়ে। তুলির শিল্পী অবনীন্দ্রনাথ লেখনীর শিল্পী হয়ে সেই ছবিই এঁকেছেন 'আপনকথা' গ্রন্থে।" আলোচনা করো।

১৯। 'আপনকথা' গ্রন্থের 'পদ্মদাসী' ও 'সাইক্লোন' অধ্যায় দুটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২০। ভারতচন্দ্রের কাব্যের আদিরস নিয়ে আলোচনা করতে গিয়ে সমালোচকরা তাঁর কাব্যে অশ্লীলতা দোষ খুঁজে পেয়েছেন। প্রাবন্ধিক প্রমথ চৌধুরী এর বিরুদ্ধে যে যুক্তি তুলে ধরেছেন, 'ভারতচন্দ্র' প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

২১। প্রমথ চৌধুরীর মতে সাহিত্যের উদ্দেশ্য কী? 'সাহিত্যে খেলা' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

২২। "কাব্যকে তাই আমরা সকল শিল্পের মধ্যে ব্রাহ্মণ বলিয়া নির্দেশ করিতে চাই।" তোমার পঠিত 'শিল্পকলার কথা' প্রবন্ধে কাব্যকে ব্রাহ্মণ অর্থাৎ সর্বোৎকৃষ্ট কেন বলেছেন প্রাবন্ধিক, বুঝিয়ে দাও।

২৩। 'বই কেনা' প্রবন্ধে বই কেনা ও বই পড়ার সপক্ষে লেখক কৌতুকমিশ্রিত ভঙ্গিতে যেসব জোরালো যুক্তি উপস্থাপন করেছেন সে বিষয়ে আলোকপাত করো।

২৪। "'অবরোধবাসিনী' গ্রন্থে লেখিকা সেকালে প্রধানত সম্ভ্রান্ত ও উচ্চবিত্ত মুসলমান পরিবারে পর্দাপ্রথার নামে নারীত্বের ও মানবতার যে অবমাননা চলছিল তারই করুণ মর্মস্পর্শী ছবি তুলে ধরেছেন বাস্তব কিছু ঘটনা বর্ণনার মাধ্যমে।" আলোচনা করো।

২৫। 'অবরোধবাসিনী' গ্রন্থের লেখিকা স্বয়ং অবরোধের মধ্যে তাঁর শৈশব, কৈশোর অতিবাহিত করেছিলেন। এর মনোজ্ঞ উদাহরণ রয়েছে গ্রন্থের কয়েকটি চিত্রে। এরকম দুটি চিত্র সংক্ষেপে আলোচনা করো।

***